

৩৩

দৈনিক সংবাদ



**শিক্ষায়নে সুষ্ঠু পরিবেশ
 রক্ষায় সর্বাঙ্গিক প্রয়াস
 গ্রহণে রাষ্ট্রপতির আহ্বান**

রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ জাতির জন্য উন্নত ভবিষ্যৎ গড়ার বৃহত্তম স্বার্থে দেশের শিক্ষায়নে সুষ্ঠু পরিবেশ রক্ষায় সর্বাঙ্গিক প্রয়াসী হওয়ার জন্য গতকাল শনিবার রাতে আহ্বান জানিয়েছেন। খবর বাসস'র।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের (বিএফটিএ) জাতীয় কার্যনির্বাহী কমিটির চতুর্থ সভার সমাপ্তি ভাষণে রাষ্ট্রপতি এই লক্ষ্য অর্জনের আহ্বান জানান।

গতকাল আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ঐ সভায় সভাপতিত্ব করেন রাষ্ট্রপতি। তিনি বিএফটিএ'র সভাপতি।

উপ-প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, ফেডারেশনের ভাইস চেয়ারম্যান কাজী ফারুক আহমেদ এবং মহাসচিব এ. কে. এম শহীদুল্লাহ সভায় বক্তব্য রাখেন। শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী এ উপলক্ষে উপস্থিত ছিলেন।